প্রশিক্ষণ ম্যানুয়াল

বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

৭ম দিন

অধিবেশন : ০১

সময় : ৪৫ মি. (৯.০০-৯.৪৫)

শিরোনাম: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকা পরিচিতি

উদ্দেশ্য :

- ১ম ও ২য় শ্রেণির বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষার শিক্ষাক্রমের ধারণা দিতে পারবে।
- ১ম ও ২য় শ্রেণির নির্দেশিক্ষার বৈশিষ্ট্য নির্ণয় করতে পারবে।
- ১ম ও ২য় শ্রেণির নির্দেশিকার বিষয়বস্তু ও ব্যবহার বিধি ব্যাখ্যা করতে পারবে।

উপকরণ : ১ম ও ২য় শ্রেণির শিক্ষাক্রম ও শিক্ষক নির্দেশিকা, পোস্টার পেপার, মার্কার, সাইন পেন, মাল্টিমিডিয়া।

কার্যক্রম :

১. আনন্দদায়ক কোন কাজের মাধ্যমে অধিবেশন শুরু করুন।
২. নিচের প্রশ্নগুলো বোর্ডে লিখুন-
- ১ম ও ২য় শ্রেণির বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা পাঠদানের জন্য আমরা কি কি ব্যবহার করি?
- শিক্ষক নির্দেশিকা কেন প্রণয়ন করা হয়েছে?
- শিক্ষক নির্দেশিকা কীসের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে?
- শিক্ষাক্রম কী?

৩. প্রশ্নগুলো প্রশিক্ষণার্থীরা জোড়ায় আলোচনা করবে।
৪. উত্তর জিজ্ঞাসা করুন।
৫. ১ম ও ২য় শ্রেণির বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষার শিক্ষাক্রম প্রশিক্ষণার্থীদের মধ্যে বিতরণ করুন।
৬. প্রশিক্ষণার্থীরা ৫টি দলে বিভক্ত হয়ে শিক্ষাক্রমটি পাঠ করবেন ও নিচের প্রশ্নগুলো আলোচনা করবেন-
    - শিক্ষাক্রমের কয়টি অংশ?
    - ১ম ও ২য় শ্রেণিতে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা কয়টি?
    - বিস্তৃত শিক্ষাক্রমে কি কি দেখানো হয়েছে?
    - বিস্তৃত শিক্ষাক্রমের বিষয়বস্তু সমূহ কীভাবে বিন্যস্ত হয়েছে?

৭. মুক্ত আলোচনা

সম্ভাব্য উত্তর:

- ৮টি
- ৯টি
- ভূমিকা, উদ্দেশ্য, বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল, বিষয়বস্তু, পরিকল্পিত কাজ/পরীক্ষণ/ প্রদর্শন, লেখক ও অংকন শিল্পীদের জন্য নির্দেশনা।
- আনুভূমিকভাবে ম্যাট্রিক্সে বিন্যস্ত হয়েছে।

৮. নিচের প্রশ্নটি বোর্ডে লিখুন-

- শিখন-শেখানো কার্যাবলি পরিচালনা করতে শিক্ষাক্রম কীভাবে সহায়তা করে?

৯. প্রশিক্ষণার্থীরা জোড়ায় আলোচনা করবেন।

১০. মুক্ত আলোচনা।

সম্ভাব্য উত্তর: শিক্ষাক্রম শ্রেণি শিক্ষককে বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়টি পাঠের যৌক্তিকতা অনুধাবনে সহায়তা করে। বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল এর পারস্পরিক সম্পর্ক নির্ণয়ে সহায়তা করে। মাঠপর্যায়ে শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষকের ভূমিকা সুস্পষ্ট হয়।

১১. প্রশিক্ষণার্থীদের ৫টি দলে ভাগ করুন।

১২. প্রত্যেক দলকে শিক্ষক নির্দেশিকার অনুলিপি সরবরাহ করুন।

১৩. দলে আলোচনা করে শিক্ষক নির্দেশিক্ষার বৈশিষ্ট্য ও বিষযবস্তু পোস্টার পেপারে লিখতে বলুন।

১৪. কাজ শেষে প্রত্যেক দলকে কাজ উপস্থাপন করতে বলুন এবং অন্যান্য দলকে তাদের মতামত দিতে উৎসাহিত করুন।

১৫. প্লেনারি।

মূল্যায়ন :

প্রশিক্ষক প্রশ্নোত্তর, দলগত কাজ, উপস্থাপন, মতামত প্রদান ও আলোচনা ইত্যাদি কাজে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ পর্যবেক্ষণ ও মূল্যায়ন করবেন।

৭ম দিন ৪টি ধর্ম

অধিবেশন : ০২

সময়ঃ ১.২০ মিনিট (১১.০০-১২.২০)

শিরোনাম: মূল্যায়ন পদ্ধতি ও কৌশল ১ম ও ২য় শ্রেণির চারটি (৪ টি) ধর্ম বিষয়ের জন্য।

উদ্দেশ্য :

প্রশিক্ষণার্থীগণ এই পাঠ শেষে-

মূল্যায়ন কী, তা বলতে পারবে।
১ম ও ২য় শ্রেণির নম্বর বিভাজন করতে পারবে।
ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন করতে পারবে।
মৌখিক ও পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করতে পারবে।
শিখনফল ভিত্তিক মূল্যায়নের জন্য অভীক্ষা তৈরি করতে পারবে।
ধারাবাহিক মূল্যায়নের ফলাফল সংরক্ষণ করতে পারবে।

উপকরণ: ১ম ও ২য় শ্রেণির ৪টি ধর্মের শিক্ষক নির্দেশিকা, পোস্টার পেপার, সাইন পেন, মার্কার, মাল্টিমিডিয়া, বোর্ড, চিত্র/ছবি ।

কার্যক্রম :

১. আনন্দদায়ক কিছু দিয়ে অধিবেশন শুরু করুন।
২. নিচের প্রশ্নগুলো বোর্ডে লিখুন-
- অর্জিত শিখনফল যাচাই এর উপায় কী?
- শিক্ষায় মূল্যায়ন বলতে কী বোঝায় ?
৩. প্রশ্নগুলো দলে আলোচনা করতে বলুন।
৪. মুক্ত আলোচনা।
৫. নিচের প্রশ্নগুলো লিখুন–
- কীভাবে শিশুদের মূল্যায়ন করা যায়?
- মূল্যায়ন কত ধরনের ও কী কী?
- শিশুদের (১ম ও ২য়) মূল্যায়নের নম্বর বিভাজন কেমন হওয়া উচিত?
৬. প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনা করুন।
৭. সারণিতে নম্বর বিভাজন দেখান ও ব্যাখ্যা করুন।

নম্বর বিভাজন সারণি

শ্রেণি	ধারাবাহিক মূল্যায়ন			সামষ্টিক মূল্যায়ন	সর্বমোট নম্বর
	বিষয়জ্ঞান	ধর্মীয় অনুশাসন চর্চা	নৈতিক গুণাবলি চর্চা	বিষয়জ্ঞান (মৌখিক)	
১ম	২০	৫	৫	২০	৫০
২য়	২০	৫	৫	২০	৫০

৮. নিচের প্রশ্নটি লিখুন ও আলোচনা করতে বলুন-

- ১ম ও ২য় শ্রেণির ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন কীভাবে করবেন?

৯. তথ্যপত্র উপস্থাপন করে প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনা করুন।

১০. তথ্যপত্র অনুসারে অভীক্ষা প্রস্তুত করতে বলুন। (দলগত কাজ)

১১. দলগত কাজ উপস্তাপন।

১২. নিচের প্রশ্নটি বোর্ডে লিখুন

- ফলাফল কীভাবে সংরক্ষণ করবেন?

১৩. তথ্যপত্র-৪ উপস্থাপন করুন ও প্রশ্নোত্তরের মাধ্যমে ধারণা স্পষ্ট করুন। (অধিবেশন-৩ দেখুন)

মূল্যায়ন :

১. বিষয়জ্ঞান কীভাবে মূল্যায়ন করবেন?

২. ধর্মীয় অনুশাসন চর্চা কীভাবে মূল্যায়ন করবেন?

৩. নৈতিক গুণাবলি চর্চা কীভাবে মূল্যায়ন করবেন?

তথ্যপত্র

ধারাবাহিক মূল্যায়ন

ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্রে প্রত্যেক প্রান্তিকে শ্রেণিকক্ষে নির্ধারিত পাঠ চলাকালে বা পাঠ শেষে শিক্ষক আলোচিত পাঠের ওপর শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়ন করবেন। এক্ষেত্রে শিক্ষক কখন কীভাবে কয়জনকে কতসময়ে মূল্যায়ন করবেন তা নিজস্ব কৌশল/পদ্ধতির বা শিক্ষক নির্দেশিকায় উল্লিখিত শিখন-শেখানো কার্যক্রমের মাধ্যমে নির্ধারণ করবেন।

ধারাবাহিক মূল্যায়ন

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
বিষয়জ্ঞান	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● রাজকুমার সিদ্ধার্থ ● ত্রিশরণ ● কর্ম	মৌখিক (প্রশ্নোত্তর)	প্রশ্নমালা (চেকলিস্ট)	শিক্ষক নির্দেশিকা অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠ চলাকালে বা পাঠ শেষে শিক্ষক মৌখিকভাবে শিক্ষার্থীকে চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। যেমন- ● রাজকুমার সিদ্ধার্থের মাতা-পিতার নাম কী? ● ত্রিরত্ন কী? ● কুশল ও অকুশল কর্ম বলতে কী বোঝ?
	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● সিদ্ধার্থ গৌতম ● ত্রিরত্ন বন্দনা	লিখিত (৩য় – ৫ম শ্রেণি)	প্রশ্নমালা	শ্রেণিকক্ষে পাঠ চলাকালে বা পাঠ শেষে শিক্ষক লিখিতভাবে শিক্ষার্থীকে প্রশ্নমালা ব্যবহার করে মূল্যায়ন করবেন। ● বুদ্ধ শব্দের অর্থ লেখ। ● সিদ্ধার্থ কী কী নিমিত্ত দর্শন করেছিলেন? ● ত্রিরত্ন কী? ● সিদ্ধার্থের পিতা কোন রাজ্যের রাজা ছিলেন?

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
ধর্মীয় অনুশাসন চর্চা	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● ত্রিশরণ ● পঞ্চশীল ● পূজা ও পার্বণ	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেকলিস্ট	বিদ্যালয় বা শ্রেণিকক্ষে থাকাকালীন শিক্ষার্থী শিক্ষক নির্দেশিকা ও পাঠ্যপুস্তকে বর্ণিত ধর্মীয় রীতি-নীতি ও আচার-আচরণ অনুশীলন করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। যেমন- ● আহার পূজা প্রদর্শন ● মূর্তি ও ছবির মাধ্যমে গৌতম বুদ্ধের প্রতি সম্মান প্রদর্শন
নৈতিক গুণাবলি চর্চা	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● নিত্যকর্ম ও বন্দনা ● শীল ● পূর্ণিমা ও ধর্মীয় অনুষ্ঠান	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেকলিস্ট	বিদ্যালয় বা শ্রেণিকক্ষে থাকাকালীন শিক্ষার্থী শিক্ষক নির্দেশিকা ও পাঠ্যপুস্তকে বর্ণিত নৈতিক গুণাবলি যথাযথভাবে অনুশীলন করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। যেমন- ● শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশের সময় শিক্ষার্থীরা দাঁড়িয়ে সম্মান প্রদর্শন

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
				(সালাম, প্রণাম, নমস্কার ইত্যাদি) করবে ● সমাবেশ শেষে শিক্ষার্থীরা শৃঙ্খলাবদ্ধভাবে লাইন করে শ্রেণিকক্ষে প্রবেশ করবে ● গৃহে ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা ● গুরুজনদের শ্রদ্ধা করা ● শীল মেনে চলা ● আত্মসংযমী হওয়া ● পরোপকার করা

পরিশিষ্ট-১

ধাবাহিক মূল্যায়ন (মৌখিক)
১ম শ্রেণি

(ক) সিদ্ধার্থের মাতার নাম কী?
(খ) সিদ্ধার্থ কোথায় জন্মগ্রহণ করেন?
(গ) বুদ্ধ শব্দের অর্থ কী?
(ঘ) হাতির শুঁড়ে কী ছিল?
(ঙ) পূজা কাকে বলে?

২য় শ্রেণি
(ক) সিদ্ধার্থ কে ছিলেন?
(খ) কখন পূজা করতে হয়?
(গ) ত্রিরত্ন কী কী?
(ঘ) ভক্তি প্রদর্শন করাকে কী বলে?
(ঙ) ভালো কাজের জন্য কী পাওয়া যায়?

ধারাবাহিক মূল্যায়ন

(পর্যবেক্ষণ চেকলিষ্ট) ধর্মীয় অনুশাসন চর্চা (নমুনা)

(১ম–২য়)

১। পূজা করতে পারে কি না যাচাই করুন।
২। বন্দনা করতে পারে কি না যাচাই করুন।
৩। ত্রিরত্ন বন্দনা পালি ভাষায় বলতে পারে কি না যাচাই করুন।
৪। বুদ্ধের ধর্মবাণী মেনে চলে কি না।
৫। 'উপোসথ' পালন করে কি না।

(পর্যবেক্ষণ চেকলিষ্ট)

নৈতিক গুনাবলি চর্চা (নমুনা)

১। অন্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল কিনা যাচাই করুন।
২। শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশের সময় শিক্ষার্থীরা দাঁড়িয়ে সম্মান প্রদর্শন (সালাম,প্রণাম,নমস্কার ইত্যাদি) করে কিনা
৩। সমাবেশ শেষে শিক্ষার্থীরা শৃঙ্খলাবদ্ধভাবে লাইন করে শ্রেণিকক্ষে প্রবেশ করে কিনা
৪। সহপাঠীদের সাথে ভালো ব্যবহার করে কিনা
৫। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সহযোগিতা করে কিনা
৬। ক্লাস শেষে শিক্ষার্থীরা শিক্ষককে ধন্যবাদ জ্ঞাপন করে কিনা।
৭। জীবে দয়া করে কিনা ।
৮। বড়দের সম্মান করে কিনা ।
৯। ছোটদের স্নেহ করে কিনা।
১০। বিদ্যালয়ের নিয়ম মেনে চলে কিনা ।

সামষ্টিক মূল্যায়ন কাঠামো

১ম-২য় শ্রেণি

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ/মন্তব্য
বিষয়জ্ঞান	শিক্ষক নির্দেশিকায় বর্ণিত বিষয়বস্তু (১ম-২য়)	মৌখিক পর্যবেক্ষণ	প্রশ্নাবলি পর্যবেক্ষণ চেকলিষ্ট	পরিশিষ্ট–

পরিশিষ্ট-২

সামষ্টিক মূল্যায়ন
১ম শ্রেণি

১। প্রশ্নগুলোর উত্তর বল। ৫ ×২ = ১০
(ক) বৌদ্ধধর্মের উত্তম শরণ কী?
(খ) কে অত্যন্ত পবিত্র ?
(গ) কার নিকট ত্রিশরণ গ্রহণ করতে হয়?
(ঘ) সরনং শব্দটি কোন ভাষার অন্তর্গত?
(ঙ) মহামায়ার পিতার বাড়ী কোথায় ছিল?

২। খালি জায়গায় কী হবে বল। ৫ ×২ = ১০
(ক) সিদ্ধার্থের জন্মের ..... দিন পর মহামায়া মৃত্যুবরণ করেন।
(খ) সিদ্ধার্থ ভবিষ্যতে ..... হবেন।
(গ) লুম্বিনী উদ্যানে ..... ফুলে ফুলে শোভা পাচ্ছিল।
(ঘ) সিদ্ধার্থের পিতার নাম .....।
(ঙ) স্বর্গের দেবীগণ ..... সুগন্ধি জলে স্নান করালেন।

২য় শ্রেণি ৫ ×২ = ১০
১। নিচের প্রশ্নগুলোর উত্তর বল।
(ক) পূজা পূজার উপকরণ কী কী?
(খ) পূষ্প গাথা আবৃত্তি করলে কী পাওয়া যায়?
(গ) জীবন গঠন করতে হলে কোন গুনটি বেশি প্রয়োজন?
(ঘ) শীল শব্দের অর্থ কী?
(ঙ) দুইটি শীলের নাম বল?

২। খালি জায়গায় কী হবে বল? ৫ ×২ = ১০
(ক) ভক্তি প্রদর্শন কাকে ..... বলে।
(খ) মানব জীবন ফুলে মতো.....।
(গ) পূষ্প পূজা ..... সময়ে করতে হয়।
(ঘ) পূজার সঙ্গে ..... তুলনা করা হয়েছে।
(ঙ) দুশ্চরিত্র ব্যক্তি..... কলঙ্ক।

৭ম দিন **৪টি ধর্ম**

অধিবেশন : ০৩

সময়ঃ ১.৩০ মিনিট (৩.৩০-৫.০০)

শিরোনাম: মূল্যায়ন পদ্ধতি ও কৌশল ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির চারটি (৪টি) ধর্ম বিষয়ের জন্য।

উদ্দেশ্য :

প্রশিক্ষণার্থীগণ এই পাঠ শেষে-

৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির মূল্যায়ন কৌশল ও নম্বর বিভাজন বর্ণনা করতে পারবে।
#৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের উপায় ব্যাখ্যা করতে পারবে।
মৌখিক ও পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করতে পারবে।
শিখনফল ভিত্তিক মূল্যায়নের জন্য অভীক্ষা তৈরি করতে পারবে।
ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করতে পারবে।

উপকরণঃ ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ৪টি ধর্মের পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ, তথ্যপত্র, পোস্টার পেপার, সাইন পেন, মার্কার, মাল্টিমিডিয়া, ইত্যাদি ।

কার্যক্রম :

১৪. আনন্দদায়ক কিছু দিয়ে অধিবেশন শুরু করুন।
১৫. নিচের প্রশ্নটি বোর্ডে লিখুন-
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিশুদের পঠন-পাঠনের মূল্যায়ন কীভাবে করতে পারেন?

১৬. উত্তর যাচাই করুন।
১৭. নিচের প্রশ্নটি বোর্ডে লিখুন-
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের নম্বর বিভাজন কীভাবে করা যায়?

১৮. প্রশ্নগুলো দলে আলোচনা করতে বলুন।
১৯. মুক্ত আলোচনা।
২০. নম্বর বিভাজনের সারণিটি প্রদর্শন করুন ও প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনা করুন।
২১. নিচের প্রশ্নটি বোর্ডে লিখুন–
- ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ধারাবাহিক মূল্যায়ন কীভাবে করা যায়?

২২. প্রশিক্ষণার্থীদের ৫টি দলে ভাগ করুন। প্রত্যেক দলকে পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ এবং অন্যান্য প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করুন।
২৩. দলে আলোচনা করে তথ্যপত্র-২ অনুসারে মূল্যায়নের জন্য টুলস্ প্রণয়নের নির্দেশনা দিন।
২৪. দলগত কাজ উপস্থাপন।
২৫. তথ্যপত্র-৩ উপস্থাপন ও প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনা করুন।

২৬.৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির সামষ্টিক মূল্যায়ন কীভাবে করা যায় প্রশ্নোত্তরের মাধ্যমে আলোচনা করুন। তথ্যপত্র- ৩ এর খ অংশের সহযোগিতা নিন।

২৭. নিচের প্রশ্নটি বোর্ডে লিখুন-

- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের ফলাফল কীভাবে সংরক্ষণ করবেন?

২৮.প্রশিক্ষণার্থীদের তথ্যপত্র-৪ সরবরাহ করুন।

২৯.মুক্ত আলোচনা।

৩০. মূল্যায়ন :

৩১.১. বিষয়জ্ঞান কীভাবে মূল্যায়ন করবেন?

৩২.২. ধর্মীয় অনুশাসন চর্চা কীভাবে মূল্যায়ন করবেন?

৩৩. ৩. নৈতিক গুণাবলি চর্চা কীভাবে মূল্যায়ন করবেন?

তথ্যপত্র-১

নম্বর বিভাজন সারণি

৩য়-৫ম শ্রেণি

শ্রেণি	ধারাবাহিক মূল্যায়ন			সামষ্টিক মূল্যায়ন
তৃতীয়	৩০			৭০
	বিষয়জ্ঞান ১০	ধর্মীয় অনুশাসন চর্চা ১০	নৈতিক গুণাবলি চর্চা ১০	বিষয়জ্ঞান ৭০
চতুর্থ	৩০			৭০
	বিষয়জ্ঞান ১০	ধর্মীয় অনুশাসন চর্চা ১০	নৈতিক গুণাবলি চর্চা ১০	বিষয়জ্ঞান ৭০
পঞ্চম	৩০			
প্রান্তিক	বিষয়জ্ঞান ১০	ধর্মীয় অনুশাসন চর্চা ১০	নৈতিক গুণাবলি চর্চা ১০	বিষয়জ্ঞান ৭০
সমাপনী				বিষয়জ্ঞান (বিষয়বস্তুর ভাগ ঠিক করতে হবে) ৩০ (প্রান্তিক) + ৭০ সমাপনী

তথ্যপত্র-২

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন	মূল্যায়ন টুলস্	উদাহরণ

		পদ্ধতি		
বিষয়জ্ঞান	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু	মৌখিক (প্রশ্নোত্তর)	প্রশ্নমালা (চেকলিস্ট)	শিক্ষক নির্দেশিকা অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠ চলাকালে বা পাঠ শেষে শিক্ষক মৌখিকভাবে শিক্ষার্থীকে চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। যেমন-
	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু	লিখিত (৩য় – ৫ম শ্রেণি)	প্রশ্নমালা	শ্রেণিকক্ষে পাঠ চলাকালে বা পাঠ শেষে শিক্ষক লিখিতভাবে শিক্ষার্থীকে প্রশ্নমালা ব্যবহার করে মূল্যায়ন করবেন।

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
ধর্মীয় অনুশাসন চর্চা	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেকলিস্ট	বিদ্যালয় বা শ্রেণিকক্ষে থাকাকালীন শিক্ষার্থী শিক্ষক নির্দেশিকা ও পাঠ্যপুস্তকে বর্ণিত ধর্মীয় রীতি-নীতি ও আচার-আচরণ অনুশীলন করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন।
নৈতিক গুণাবলি চর্চা	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেকলিস্ট	বিদ্যালয় বা শ্রেণিকক্ষে থাকাকালীন শিক্ষার্থী শিক্ষক নির্দেশিকা ও পাঠ্যপুস্তকে বর্ণিত নৈতিক গুণাবলি যথাযথভাবে অনুশীলন করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন।

তথ্যপত্র-৩

ধারাবাহিক মূল্যায়ন

ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্রে প্রত্যেক প্রান্তিকে শ্রেণিকক্ষে নির্ধারিত পাঠ চলাকালে বা পাঠ শেষে শিক্ষক আলোচিত পাঠের ওপর শিক্ষার্থীর ধারাবাহিক মূল্যায়ন করবেন। এক্ষেত্রে শিক্ষক কখন কীভাবে কয়জনকে কতসময়ে মূল্যায়ন করবেন তা নিজস্ব কৌশল/পদ্ধতির বা শিক্ষক নির্দেশিকায় উল্লিখিত শিখন-শেখানো কার্যক্রমের মাধ্যমে নির্ধারণ করবেন।

ধারাবাহিক মূল্যায়ন (ক অংশ)

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
বিষয়জ্ঞান	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● রাজকুমার সিদ্ধার্থ ● ত্রিশরণ ● কর্ম	মৌখিক (প্রশ্নোত্তর)	প্রশ্নমালা (চেকলিস্ট)	শিক্ষক নির্দেশিকা অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠ চলাকালে বা পাঠ শেষে শিক্ষক মৌখিকভাবে শিক্ষার্থীকে চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। যেমন- ● রাজকুমার সিদ্ধার্থের মাতা-পিতার নাম কী? ● ত্রিরত্ন কী? ● কুশল ও অকুশল কর্ম বলতে কী বোঝ?
	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● সিদ্ধার্থ গৌতম ● ত্রিরত্ন বন্দনা	লিখিত (৩য় – ৫ম শ্রেণি)	প্রশ্নমালা	শ্রেণিকক্ষে পাঠ চলাকালে বা পাঠ শেষে শিক্ষক লিখিতভাবে শিক্ষার্থীকে প্রশ্নমালা ব্যবহার করে মূল্যায়ন করবেন। ● বুদ্ধ শব্দের অর্থ লেখ। ● সিদ্ধার্থ কী কী নিমিত্ত দর্শন করেছিলেন? ● ত্রিরত্ন কী? ● সিদ্ধার্থের পিতা কোন রাজ্যের রাজা ছিলেন?

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
ধর্মীয় অনুশাসন চর্চা	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● ত্রিশরণ ● পঞ্চশীল ● পূজা ও পার্বণ	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেকলিস্ট	বিদ্যালয় বা শ্রেণিকক্ষে থাকাকালীন শিক্ষার্থী শিক্ষক নির্দেশিকা ও পাঠ্যপুস্তকে বর্ণিত ধর্মীয় রীতি-নীতি ও আচার-আচরণ অনুশীলন করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। যেমন- ● আহার পূজা প্রদর্শন ● মূর্তি ও ছবির মাধ্যমে গৌতম বুদ্ধের প্রতি সম্মান প্রদর্শন
নৈতিক গুণাবলি চর্চা	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু ● নিত্যকর্ম ও বন্দনা	পর্যবেক্ষণ	পর্যবেক্ষণ চেকলিস্ট	বিদ্যালয় বা শ্রেণিকক্ষে থাকাকালীন শিক্ষার্থী শিক্ষক নির্দেশিকা ও পাঠ্যপুস্তকে বর্ণিত নৈতিক গুণাবলি

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
	• শীল • পূর্ণিমা ও ধর্মীয় অনুষ্ঠান			যথাযথভাবে অনুশীলন করছে কিনা তা শিক্ষক পর্যবেক্ষণ চেকলিস্ট ব্যবহার করে মূল্যায়ন করবেন। যেমন- • শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশের সময় শিক্ষার্থীরা দাঁড়িয়ে সম্মান প্রদর্শন (সালাম, প্রণাম, নমস্কার ইত্যাদি) করবে • সমাবেশ শেষে শিক্ষার্থীরা শৃঙ্খলাবদ্ধভাবে লাইন করে শ্রেণিকক্ষে প্রবেশ করবে • গৃহে ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা • গুরুজনদের শ্রদ্ধা করা • শীল মেনে চলা • আত্মসংযমী হওয়া • পরোপকার করা

সামষ্টিক মূল্যায়ন (খ অংশ)

৩য়-৫ম শ্রেণি

মূল্যায়ন ক্ষেত্র	বিবেচ্য বিষয়	মূল্যায়ন পদ্ধতি	মূল্যায়ন টুলস্	উদাহরণ
বিষয়জ্ঞান	শিক্ষক নির্দেশিকা বা পাঠ্যপুস্তকে বর্ণিত বিষয়বস্তু	লিখিত	প্রশ্নমালা (বহুনির্বাচনি, শূন্যস্থান পূরণ, মিলকরণ, সংক্ষিপ্ত প্রশ্ন)- জানা	বইয়ের অনুশীলনীর অনুরূপ
			বর্ণনামূলক প্রশ্ন– জানা ও অনুধাবন	১। হিমালয়ের পাদদেশে রাজ্যটির নাম কী? (জানা) ২। রাজ পরিবারে জন্মগ্রহণ করেও সিদ্ধার্থ কেন গৃহ ত্যাগী হন? (অনুধাবন)
বিষয়জ্ঞান	• বুদ্ধমূর্তির/প্রতিচ্ছবির সামনে বিভিন্ন দানীয় উপকরণ সাজিয়ে পূজা করা। • শ্রেণিকক্ষে পঞ্চশীল অনুশীলন করে দেখানো।	ব্যবহারিক		

ধারাবাহিক মূল্যায়নে নম্বর বিভাজন ছক

রোল নম্বর	**শিক্ষার্থীর নাম**	**বিষয়জ্ঞান ১০**	ধর্মীয় অনুশাসন চর্চা ১০	নৈতিক গুণাবলি চর্চা ১০	**মোট নম্বর ৩০**

তথ্যপত্র-৪

ফলাফল সংরক্ষণ ছক

রোল নম্বর	শিক্ষার্থীর নাম	ধারাবাহিক মূল্যায়ন													সামষ্টিক মূল্যায়ন					মন্তব্য
		প্রথম সাময়িক (ক)				দ্বিতীয় সাময়িক (খ)				তৃতীয় সাময়িক (গ)										
		১ম মাস	২য় মাস	৩য় মাস	গড়	১ম মাস	২য় মাস	৩য় মাস	গড়	১ম মাস	২য় মাস	৩য় মাস	গড়	ক+খ+গ এর গড়	১ম সাময়িক	২য় সাময়িক	৩য় সাময়িক	গড়	মোট প্রাপ্ত নম্বর (ধারাবাহিক + সামষ্টিক)	

পরিশিষ্ট-১

ধাবাহিক মূল্যায়ন (মৌখিক)

১ম শ্রেণি

(ক) সিদ্ধার্থের মাতার নাম কী?
(খ) সিদ্ধার্থ কোথায় জন্মগ্রহণ করেন?
(গ) বুদ্ধ শব্দের অর্থ কী?
(ঘ) হাতির শুড়ে কী ছিল?
(ঙ) পূজা কাকে বলে?

২য় শ্রেণি

(ক) সিদ্ধার্থ কে ছিলেন?
(খ) কখন পূজা করতে হয়?
(গ) ত্রিরত্ন কী কী?
(ঘ) ভক্তি প্রদর্শন করাকে কী বলে?
(ঙ) ভালো কাজের জন্য কী পাওয়া যায়?

৩য় শ্রেণি

(ক) প্রথম শিক্ষা গুরু কারা?
(খ) কোন পূর্ণিমায় মায়াদেবী স্বপ্ন দেখেন?
(গ) ধর্ম কাকে রক্ষা করে?
(ঘ) বৌদ্ধরা কাকে প্রতিদিন বন্দনা করে?
(ঙ) ধর্ম করার জন্য কী নেই?

৪র্থ শ্রেণি

(ক) ত্রিপিটকের কয়টি অংশ?
(খ) সূত্র পিটকের প্রথম গ্রন্থের নাম কী?
(গ) খুদ্দক নিকায়ে কয়টি গ্রন্থ আছে?
(ঘ) সংগীতি কাকে বলে?
(ঙ) তৃতীয় সংগীতির পৃষ্ঠপোষক কে ছিলেন?

৫ম শ্রেণি

(ক) কুশল কর্ম বরতে কী বোঝায়?
(খ) পণ্ডিত ব্রাহ্মণ কে ছিলেন?
(গ) মানুষের অমূল্য সম্পদ কী?
(ঘ) পালি, 'মুসাবাদা' শব্দের অর্থ কী?
(ঙ) শীলবানেরা মৃত্যুর পর কোথায় গমন করেন?

পরিশিষ্ট-২

ধারাবাহিক মূল্যায়ন

লিখিত গ্রশ্নাবলি (নমুনা প্রশ্ন)

শ্রেণি : (৩য় -৫ম)

১। পঞ্চশীল কারা পালন করেন?
২। বুদ্ধ কত বছর ব্যাপী ধর্ম প্রচার করেন?
৩। মানব জীবন গঠনের ভিত্তি কী?
৪। বিনয় পিটকে কয়টি গ্রন্থ আছে?
৫। খারাপ কাজকে কী বলা হয়?
৬। কর্মের দ্বার কয়টি?
৭। নন্দ প্রতিদিন কী বিক্রয় করত?
৮। সম্রাট অশোক কার নিকট দীক্ষা নেন?
৯। জাতকের মূল শিক্ষা কী?
১০। নিয়মিত গাথা আবৃত্তির ফলে কি উৎপন্ন হয়?

ধারাবাহিক মূল্যায়ন

(পর্যবেক্ষণ চেকলিষ্ট) ধর্মীয় অনুশাসন চর্চা (নমুনা)

(১ম–৫ম)

১। পূজা করতে পারে কি না যাচাই করুন।
২। বন্দনা করতে পারে কি না যাচাই করুন।
৩। ত্রিরত্ন বন্দনা পালি ভাষায় বলতে পারে কি না যাচাই করুন।
৪। বুদ্ধের ধর্মবাণী মেনে চলে কি না।
৫। 'উপোসথ' পালন করে কি না।

(পর্যবেক্ষণ চেকলিষ্ট)

নৈতিক গুনাবলি চর্চা (নমুনা)

১। অন্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল কিনা যাচাই করুন।
২। শিক্ষক শ্রেণিকক্ষে প্রবেশের সময় শিক্ষার্থীরা দাঁড়িয়ে সম্মান প্রদর্শন (সালাম,প্রণাম,নমস্কার ইত্যাদি) করে কিনা
৩। সমাবেশ শেষে শিক্ষার্থীরা শৃঙ্খলাবদ্ধভাবে লাইন করে শ্রেণিকক্ষে প্রবেশ করে কিনা
৪। সহপাঠীদের সাথে ভালো ব্যবহার করে কিনা
৫। বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সহযোগিতা করে কিনা
৬। ক্লাস শেষে শিক্ষার্থীরা শিক্ষককে ধন্যবাদ জ্ঞাপন করে কিনা।
৭। জীবে দয়া করে কিনা ।
৮। বড়দের সম্মান করে কিনা।
৯। ছোটদের স্নেহ করে কিনা।
১০। বিদ্যালয়ের নিয়ম মেনে চলে কিনা ।

পরিশিষ্ট-৩

সামষ্টিক মূল্যায়ন

১ম শ্রেণি

১। প্রশ্নগুলোর উত্তর বল। ৫ ×২ = ১০

(ক) বৌদ্ধধর্মের উত্তম শরণ কী?

(খ) কে অত্যন্ত পবিত্র ?

(গ) কার নিকট ত্রিশরণ গ্রহণ করতে হয়?

(ঘ) সরনং শব্দটি কোন ভাষার অন্তর্গত?

(ঙ) মহামায়ার পিতার বাড়ী কোথায় ছিল?

২। খালি জায়গায় কী হবে বল। ৫ ×২ = ১০

(ক) সিদ্ধার্থের জন্মের ..... দিন পর মহামায়া মৃত্যুবরণ করেন।

(খ) সিদ্ধার্থ ভবিষ্যতে ..... হবেন।

(গ) লুম্বিনী উদ্যানে ..... ফুলে ফুলে শোভা পাচ্ছিল।

(ঘ) সিদ্ধার্থের পিতার নাম .....।

(ঙ) স্বর্গের দেবীগণ ..... সুগন্ধি জলে স্নান করালেন।

২য় শ্রেণি ৫ ×২ = ১০

১। নিচের প্রশ্নগুলোর উত্তর বল।

(ক) পূজা পূজার উপকরণ কী কী?

(খ) পূষ্প গাথা আবৃত্তি করলে কী পাওয়া যায়?

(গ) জীবন গঠন করতে হলে কোন গুনটি বেশি প্রয়োজন?

(ঘ) শীল শব্দের অর্থ কী?

(ঙ) দুইটি শীলের নাম বল?

৮ম দিন
অধিবেশন : ০৪
সময়: ৪৫ মিনিট (২.০০-২.৪৫)

শিরোনাম: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষার বিস্তৃত শিক্ষাক্রম পর্যালোচনা

উদ্দেশ্য :

- বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ের শিক্ষাক্রম সম্পর্কে ধারণা অর্জন।
- পূর্বের শিক্ষাক্রম ও পরিমার্জিত শিক্ষাক্রমের তুলনামূলক বিশ্লেষণ করা।

উপকরণ : পূর্বের ও পরিমার্জিত শিক্ষাক্রম, মাল্টিমিডিয়া, পোস্টার পেপার, রঙিন সাইনপেন, বোর্ড মার্কার ।

কার্যক্রম :

১. প্রশিক্ষক শিক্ষাক্রমটি দিয়ে প্রশিক্ষণার্থীদের নিচের প্রশ্নটি করবেন ও বোর্ডে লিখবেন- ৩০মিনিট

- বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষাক্রমের বিষয়বস্তুগুলো চিহ্নিত করুন। (দলগত কাজ)

২. উত্তর আদায় করে বোর্ডে লিখুন।

৩. সঠিক উত্তরসমূহ প্রদর্শন করুন।

৪. তথ্যপত্র দেখে নিচের কাজটি করতে বলুন। (দলগত কাজ)

- শ্রেণিভিত্তিক বিষয়বস্তু সমূহ কোন কোন প্রান্তিক যোগ্যতা অর্জনে সহায়ক বিস্তৃত শিক্ষাক্রম অনুযায়ী প্রদর্শন করুন।

৫. দলগত কাজ উপস্থাপন

৬. প্লেনারি

৭. পূর্বেকার শিক্ষাক্রম ও পরিমার্জিত শিক্ষাক্রমের তুলনামূলক বিশ্লেষণ (দলগত কাজ) ১০মিনিট

৮. দলগত কাজ উপস্থাপন।

৯. প্লেনারি

সম্ভাব্য উত্তর

১. ত্রিশরণ: পূর্বের শিক্ষাক্রমের ত্রিরত্ন বিষয়বস্তুটি ১ম ও ৩য় শ্রেণিতে ত্রিশরণ করা হয়েছে।
২. বন্দনা ও নিত্যকর্ম: ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত বন্দনা নামে অন্তর্ভুক্ত ছিল। বর্তমান শিক্ষাক্রমে ৪র্থ শ্রেণিতে রাখা হয়েছে।
৩. গাথা আবৃত্তি: পূর্বে ৪র্থ ও ৫ম শ্রেণিতে ছিল। বর্তমান সরাসরি না দিয়ে পরোক্ষভাবে দেয়া হয়েছে।
৪. বৌদ্ধধর্মের মূলতত্ত্ব: পূর্বের ৪র্থ ও ৫ম শ্রেণিতে ছিল। বর্তমানে পরোক্ষভাবে কোন কোন পাঠে সংযোজন করা হয়েছে।
৫. বুদ্ধ ও বোধিসত্ত্ব: এ পাঠটি পূর্বে ৫ম শ্রেণিতে ছিল। বর্তমানে ৩য় শ্রেণিতে সংযোজিত হয়েছে।
৬. বৌদ্ধ কর্মবাদ: পূর্বে শিক্ষাক্রমে অর্জন উপযোগী যোগ্যতাসমূহ বিভিন্ন অধ্যায়ে বিচ্ছিন্নভাবে বিন্যাস্ত ছিল। পরিমার্জিত শিক্ষাক্রমে অর্জন উপযোগী যোগ্যতাসমূহ সকল শ্রেণিতে সুশৃঙ্খলভাবে বিন্যাস করা হয়েছে।
৭. জাতক কাহিনি: পূর্বে ১ম থেকে ৫ম শ্রেণি পর্যন্ত শ্রেণির ছিল। বর্তমান শিক্ষাক্রমে ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে রাখা হয়েছে।
৮. ধর্মীয় ও সামাজিকসম্প্রীতি: পূর্বের শিক্ষাক্রমে বিষয়টি ছিলনা। বর্তমান শিক্ষাক্রমে ৪র্থ শ্রেণিতে সংযোজিত হয়েছে।
৯. প্রকৃতি ও পরিবেশ: পূর্বের শিক্ষাক্রমে বিষয়টি ছিলনা। বর্তমান শিক্ষাক্রমে গুরুত্ব বিবেচনা করে ৪র্থ শ্রেণিতে সংযোজিত করা হয়েছে।
১০. পূর্ণিমা ও পার্বণ: পূর্বের শিক্ষাক্রমে পূর্ণিমা ও পার্বণ বিষয়ে প্রত্যক্ষ কোন পাঠ ছিলনা। বর্তমান পরিমার্জিত শিক্ষাক্রমে ধর্মীয় গুরুত্ব বিবেচনা করে পাঠটি ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে রাখা হয়েছে।
১১. দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনা: পূর্বের শিক্ষাক্রমে দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনা বিষয়ক স্বতন্ত্র ও মৌলিক পাঠ সংযোজন ছিলনা। বর্তমান পরিমার্জিত শিক্ষাক্রমে পাঠটি ৫ম শ্রেণিতে সংযোজন করা হয়েছে।

১০. পূর্বের ২০০২-০৩ সালেরশিক্ষাক্রম নতুন প্রবর্তিত শিক্ষাক্রমের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতার তুলনামূলক চিত্র উপস্থাপন করুন।

শ্রেণি	পূর্বের শ্রেণিভিত্তিকঅর্জনউপযোগী যোগ্যতা	বর্তমানশিক্ষাক্রমেরশ্রেণিভিত্তিকঅর্জনউপযোগী যোগ্যতা
প্রথম	৩২টি	৩৫ টি
দ্বিতীয়	২৭টি	৩৮ টি
তৃতীয়	৪০টি	৫৪ টি
চতুর্থ	৪৬টি	৫৫ টি
পঞ্চম	৫৪টি	৫৭ টি

উপর্যুক্ত ছক থেকে পূর্বের শিক্ষাক্রমের তুলনায় বর্তমান শিক্ষাক্রমের শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতার একটি ধারনা পাওয়া যায়।

মূল্যায়ন :

- পরিমার্জিত শিক্ষাক্রম ২০১২ এ কোন পাঁচটি বিষয় প্রাধান্য পেয়েছে ?
- পরিমার্জিত শিক্ষাক্রমে নতুন কি কি বৈশিষ্ট্য সংযোজিত হয়েছে ?

৮ম দিন

অধিবেশন : ০৫

সময় : ১.৩০ মিনিট (২.৪৫-৪.১৫)

শিরোনাম: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ

পরিচিতি

উদ্দেশ্য :

- তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির পাঠ্যপুস্তকের বিষয়বস্তুর বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।
- পাঠ্যপুস্তকের বিষয়বস্তু সমূহ শিক্ষক সংস্করণে যথার্থভাবে উপস্থাপিত হয়েছে কিনা ব্যাখ্যা করতে পারবে।
- শিক্ষক সংস্করণের প্রয়োজনীয়তা বলতে পারবে।

উপকরণ : তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ, তথ্যপত্র, মাল্টিমিডিয়া, চিত্র/ছবি, বোর্ড মার্কার, পোস্টার পেপার।

কার্যক্রম :

১. প্রশিক্ষণার্থীদের আনন্দদায়ক কোন কৌতুক, ছড়া বা গান পরিবেশন করতে বলুন। ০৫ মিনিট

২. নিচের প্রশ্নগুলো বোর্ডে লিখুন -

- **কোন শ্রেণি থেকে বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা পাঠ করা হয়?**
- **কোন শ্রেণি থেকে বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষার পাঠ্যপুস্তক রয়েছে?**

৩. উত্তর জিজ্ঞাসা করুন।

৪. প্রশিক্ষণার্থীদের ছয়টি দলে ভাগ করুন। প্রতি দুই দলে ১টি শ্রেণির পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ বন্টন করে দিন। ১০ মিনিট

৫. নিচের নির্দেশনাগুলো বোর্ডে লিখুন (দলগত কাজ) -

- **পাঠ্যপুস্তকের বিষয়বস্তু সমূহ চিহ্নিত করুন ও তালিকা প্রস্তুত করুন।**
- **বিষয়বস্তু নির্বাচনের বৈশিষ্ট্য সমূহ লিখুন।**
- **পাঠ্যপুস্তকের বিষয়বস্তু সমূহ শিক্ষক সংস্করণে কীভাবে উপস্থাপিত হয়েছে আলোচনা করুন।**

৬. দলগত কাজ মনিটরিং করুন। ২০ মিনিট

৭. দলগত কাজ উপস্থাপন। ১৫ মিনিট

৬. প্লেনারি ০৫ মিনিট

৭. নিচের প্রশ্নটি বোর্ডে লিখুন ও মতবিনিময় করতে বলুন- ২৫ মিনিট

- **বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা শিখন-শেখানো কার্যক্রমে শিক্ষক সংস্করণ কীভাবে সহায়তা করতে পারে?**

৮. প্রশিক্ষণার্থীরা জোড়ায়/দলে আলোচনা করবে।

৯. উত্তর জিজ্ঞাসা করুন ও বোর্ডে লিখুন।

১০. প্লেনারি।

মূল্যায়ন : ১০ মিনিট

- তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির পাঠ্যপুস্তকে কয়টি করে অধ্যায় আছে ?

- পাঠ্যপুস্তকের দুটি বৈশিষ্ট্য বলুন।
- শিক্ষক সংস্করণের প্রয়োজনীয়তা বলতে বলুন।

পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য :

১. বইটিতে রঙিন ছবি যুক্ত আকর্ষণীয় কভার পেজ ব্যবহার করা হয়েছে।
২. প্রত্যেক অধ্যায়ের সাথে প্রাসঙ্গিক রঙিন ছবি ব্যবহার করা হয়েছে।
৩. প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী ও শিখনফলের ভিত্তিতে পাঠ্যপুস্তকটি রচিত হয়েছে।
৪. বিষয়বস্তু সহজ থেকে কঠিন ক্রমানুসারে সাজানো হয়েছে।
৫. শ্রেণি, পেশা, লিঙ্গ, বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের প্রতি সমান গুরুত্ব দিয়ে বইটি প্রণিত হয়েছে।
৬. দেশপ্রেম, মুক্তিযুদ্ধ, আন্তঃধর্মীয় সম্প্রীতি ও পরিবেশ সংরক্ষণের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।
৭. পাঠ মূল্যায়নের জন্য প্রতিটি অধ্যায় শেষে পর্যাপ্ত বহুনির্বাচনী, শূন্যস্থান, মিলকরণ, সংক্ষিপ্ত প্রশ্ন ও বর্ণনামূলক প্রশ্ন দেওয়া আছে।
৮. ধর্মীয় বিশ্বাস স্থাপন ও ধর্মীয় অনুষ্ঠান পালনের ব্যবস্থা বইটিতে রয়েছে।
৯. ধর্ম ও নৈতিক গুণাবলি পঠনের পাশাপাশি ব্যবহারিক জীবনে চর্চার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।
১০. তীর্থ, মহাতীর্থ, ঐতিহাসিক স্থান সম্পর্কে জেনে তীর্থ ভ্রমণে শিশুদের উৎসাহিত করা হয়েছে।

শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য :

১. শিক্ষক সংস্করণে শিক্ষকের পাঠদানের সুবিধার্থে সকল অধ্যায়ের পাঠসমূহ সংযুক্ত করা হয়েছে।
২. প্রতিটি অধ্যায়ের অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল দেওয়া হয়েছে।
৩. প্রতিটি পাঠের শিখনফল সংযোজন করা হয়েছে।
৪. শিক্ষক সংস্করণে শিখন শেখানো কার্যাবলি পরিচালনার সুস্পষ্ট নির্দেশনা দেওয়া আছে।
৫. একটি ক্লাসে কতটুকু পড়াতে হবে তা সুনির্দিষ্ট করা আছে।
৬. প্রস্তুতি পর্বে কী কী প্রশ্ন করা যায় নমুনা দেওয়া আছে।
৭. পাঠ সংশ্লিষ্ট উপকরণ উল্লেখ করা হয়েছে এবং উপকরণ কীভাবে ব্যবহার করবে তার নির্দেশনা দেওয়া আছে।মূল্যায়নে কী ধরনের প্রশ্ন শিক্ষক করবেন, তার নমুনা দেওয়া হয়েছে।
৮. পরিকল্পিত কাজ ও বাড়ির কাজের নমুনা দেওয়া হয়েছে।

৮ম দিন

অধিবেশন : ০৬

সময়: ৪৫ মিনিট (৪.১৫-৫.০০)

শিরোনাম: তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির পাঠ প্রদর্শন ও অনুশীলনী পাঠ

উদ্দেশ্য :

বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে একটি পাঠ প্রদর্শন।
বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে শিখন শেখানো কার্যক্রম অনুশীলন।

১. প্রশিক্ষক নিম্নে বর্ণিত পাঠটি প্রদর্শন করবেন।

শ্রেণি : চতুর্থ **সময় :** ৪৫ মিনিট

পাঠশিরোনাম : ত্রিপিটক পরিচিতি (পঞ্চম অধ্যায়)

পাঠ্যাংশ : বৌদ্ধদের প্রধান ধর্মীয় .....ত্রিপিটক সংকলিত হয়।

শিখনফল:

৫.১.১ ত্রিপিটক সংকলন সম্পর্কে বর্ণনা করতে পারবে।
৫.১.৩ ত্রিপিটকের শ্রেণিবিভাগগুলো বলতে পারবে।

উপকরণ: একটি বৌদ্ধধর্মীয় পুস্তক, পোস্টার পেপার ও মাল্টিমিডিয়া।

শিখন শেখানো কার্যাবলি:

১. শিক্ষক শিক্ষার্থীদের সাথে কুশল বিনিময়ের মাধ্যমে নিরাপদ পরিবেশ সৃষ্টি করবেন।
২. শিক্ষক ধর্মীয় পুস্তকটি দেখিয়ে প্রশ্ন করবেন-
   ক) এটি কী বই?
   খ) বুদ্ধের ধর্মবাণী কোথায় বর্ণিত আছে?
৩. পাঠ ঘোষণা : আজকের পাঠের শিরোনাম মুখে উচ্চারণ করে বোর্ডে লিখবেন– ত্রিপিটক পরিচিতি
৪. শিক্ষক বই খুলে নির্ধারিত পাঠে যাওয়ার নির্দেশ দেবেন
৫. পাঠপুস্তকের চিত্র দেখিয়ে প্রশ্ন করবেন-
   ক) ছবিতে কী দেখছো?
   খ) ত্রিপিটক কয়টি ভাগে বিভক্ত?
৬. পাঠ সংশ্লিষ্ট বিষয়বস্তুগুলো প্রশ্নোত্তরে আলোচনা করবেন। যেমন-
   – ত্রিপিটক কী?
   – এটি কয়টি অংশে বিভক্ত?
   – বৌদ্ধ সংগীতি কাকে বলে?
   – প্রথম সংগীতি কার সভাপতিত্বে এবং কোথায় অনুষ্ঠিত হয়?
   – দ্বিতীয় সংগীতির সভাপতি কে ছিলেন?
   – তৃতীয় সংগীতি কোথায় অনুষ্ঠিত হয়?

৭. শিক্ষক আজকের পাঠ্যাংশটুকু নিজ নিজ পাঠ্যপুস্তক থেকে ৪/৫ মিনিট নীরবে পড়তে দেবেন।

৮. পাঠ শেষে শিক্ষক শিক্ষার্থীদের ৩/৪টি দলে বিভক্ত করে প্রত্যেক দলকে পাঠসংশ্লিষ্ট ২/৩ টি প্রশ্ন বিতরণ করে আলোচনার মাধ্যমে পোস্টার পেপারে লেখার নির্দেশ দেবেন।

- বুদ্ধের পরিনির্বাণের কয়মাস পর প্রথম সংগীতি অনুষ্ঠিত হয়।
– দ্বিতীয় সংগীতির পৃষ্ঠপোষক কে ছিলেন?

৯. প্রশ্নের উত্তর সম্পর্কে জোড়ায় আলোচনা করার নির্দেশ দেবেন।

১০. দলনেতা দলীয়কাজ উপস্থাপন করবেন।
১১. প্রশ্নোত্তর খাতায় লেখাবেন।

পরিকল্পিতকাজ :
শ্রেণিকক্ষে দলগতভাবে বৌদ্ধসংগীতিগুলোর সভাপতি ও স্থানের নাম লিখে প্রদর্শন করতে বলবেন।
একটি নমুনা ছক

প্রথমসংগীতি	দ্বিতীয়সংগীতি	তৃতীয়সংগীতি
সভাপতি	সভাপতি	সভাপতি
স্থান	স্থান	স্থান

১২. শিক্ষক ছকটি বোর্ডে তৈরি করবেনএবংশিক্ষার্থীদেরকে এ ছক অনুসরণে লিখতে বলবেন।
১৩. ছকে তথ্য উপস্থাপন শেষে শিক্ষক মতামত দেবেন।
১৪. ধন্যবাদ দিয়ে পাঠ শেষ করবেন।

ফলাবর্তন : প্রদর্শনকারী শিক্ষকের পাঠ পর্যবেক্ষণ করে প্রশিক্ষার্থীদের পাঠের সবলদিক ও উন্নয়নের ক্ষেত্র চিহ্নিত করতে নির্দেশ দেবেন।

প্রশিক্ষণার্থীদের শিখন-শেখানো অনুশীলন :

১. প্রশিক্ষণার্থীদের ৫জন করে ৬টি দলে ভাগ করে দিন।
২. তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা থেকে ৬টি পাঠ নির্বাচন করে দিন।
৩. প্রশিক্ষণার্থীরা দলগত ভাবে পাঠপরিকল্পনা করবেন।
৪. প্রতি দল থেকে ১জন পাঠপরিকল্পনা অনুযায়ী অনুশীলনী পাঠদান করবেন।
৫. প্রতিটি পাঠদান অনুশীলনী শেষে পাঠের সবল দিক ও উন্নয়নের ক্ষেত্র চিহ্নিত করবেন। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীরা প্রথমে ফলাবর্তন দেবেন। পরবর্তীতে প্রশিক্ষক সংযোজন করবেন।